ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে মাঠে নামার ঘোষণা জামায়াতের



জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

দেশে সহিংসতা নিয়ন্ত্রণে সরকার ব্যর্থ হয়েছে অভিযোগ করে ফ্যাসিবাদবিরোধী সব রাজনৈতিক শক্তিকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। এ লক্ষ্যে আগামী ২১ নভেম্বর রাজধানীতে সমাবেশ ও মিছিলের কর্মসূচি ঘোষণা করেছে দলটি। ডিসেম্বরে সারা দেশেও মাসব্যাপী কর্মসূচি পালন করা হবে।

বুধবার (১৮ নভেম্বর) বিকেলে রাজধানীর মগবাজারে জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব কথা জানান গোলাম পরওয়ার। এ সময় দলের কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন।

তিনি বলেন, জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় যথাযথ দায়িত্ব পালন করতে পারছে না। সহিংসতার বিরুদ্ধে দেশপ্রেমিক জনগণকে ঐক্যবদ্ধ থাকতে হবে। ফ্যাসিবাদের পুনরুত্থান ঠেকাতে সব রাজনৈতিক দলকে মাঠে নামার আহ্বান জানান তিনি।

বর্তমান রাজনৈতিক পরিস্থিতির জন্য সরকারকে দায়ী করে গোলাম পরওয়ার বলেন, গণভোটের রায় উপেক্ষা করে একদলীয় শাসন প্রতিষ্ঠার চেষ্টা থেকেই দেশে রাজনৈতিক বিভেদ তৈরি হয়েছে। এ পরিস্থিতিতে ফ্যাসিবাদবিরোধী জনগণ সরকারের ওপর আস্থা রাখতে পারছে না।

জামায়াতের এই নেতা অভিযোগ করেন, গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে ১১ দলের চলমান আন্দোলন বাধাগ্রস্ত করতে সরকার নিষিদ্ধ আওয়ামী লীগকে মাঠে নামার সুযোগ দিচ্ছে। সরকারের ঢিলেঢালা মনোভাবের কারণে দলটির সহিংসতা সারা দেশে ছড়িয়ে পড়ছে বলেও মন্তব্য করেন তিনি। প্রশাসনে থাকা আওয়ামী লীগ সরকারের আমলের কর্মকর্তাদের বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান গোলাম পরওয়ার।